দৈনিক
ইনকিলাব

22 NOV 2008
পৃঃ - ৩ - কলাম - ৪

# আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা শুরু

## যুক্তির আলোয় গড়বো দেশ শ্লোগানে অংশ নিচ্ছে ১৬ বিশ্ববিদ্যালয়

স্টাফ রিপোর্টার : সুন্দর দেশ গড়ার জন্য প্রয়োজন একটি আলোকিত প্রজন্ম। বর্তমান প্রজন্মকে আরো সৃষ্টিশীল, যুক্তিবোধে অনুপ্রাণিত এবং নিরন্তর পথ চলায় জ্ঞানে, শক্তি-সাহসে প্রজ্বলিত করার লক্ষ্যে 'যুক্তির আলোয় গড়ব বাংলাদেশ'-এই শ্লোগান সামনে রেখে শুরু হয়েছে বিএসবি ক্যামব্রিয়ান আন্তঃবিশ্ববিদ্যালয় 'প্রজন্ম বিতর্ক' প্রতিযোগিতা। হাসান আহমেদ চৌধুরী কিরণের পরিকল্পনায় ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ইউনাইটেড ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটিসহ দেশের ১৬টি বিশ্ববিদ্যালয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। গত বুধবার এটিএন বাংলা'র চেয়ারম্যান ড. মাহফুজুর রহমান প্রধান অতিথি হিসেবে নগরীর বসুন্ধরা সিটিস্থ এটিএন বাংলা'র স্টুডিওতে 'প্রজন্ম বিতর্ক' প্রতিযোগিতার উদ্বোধন করেন। উদ্বোধনীসহ মোট ৮টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই বিতর্কে নর্দান ইউনিভার্সিটিকে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ড্যাফোডিল ইউনিভার্সিটিকে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), খুলনা বিশ্ববিদ্যালয়কে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়; জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে ইসলামী বিশ্ববিদ্যালয়, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিকে ব্র্যাক ইউনিভার্সিটি, সাউথ ইস্ট ইউনিভার্সিটিকে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিকে আহসান উল্লাহ ইউনিভার্সিটি অব সাইন্স এন্ড টেকনোলজি পরাজিত করে।